



জনতা ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.janatabank-bd.com

বিজনেস ডেভেলপমেন্ট মার্কেটিং ডিপার্টমেন্ট

ফোন: ২২৩৩৮১৩৩৭, ২২৩৩৮৭৬৭৫, ২২৩৩৮৫৩৮৪

নির্দেশ বিজ্ঞপ্তি নং: ১০৯৩/২১

তারিখ: ০৯ ডিসেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

২৪ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি এন্ড সিইও ও সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/সকল বিভাগীয় কার্যালয়/
সকল এরিয়া অফিস/লোকাল অফিস ও জনতা ভবন কর্পোরেট শাখাসহ সকল শাখা/
স্টাফ কলেজ এবং সাবসিডিয়ারী কোম্পানিসমূহ।

বিষয়: “জনতা মিলিয়নিয়ার ডিপোজিট স্কীম (জেএমডিএস)” চালুকরণ প্রসঙ্গে।

মহোদয়,

গত ১৯/১০/২০২১ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৬৮৬তম সভায় অত্র ব্যাংকের চলমান প্রোডাক্টের সাথে আয় বৃদ্ধিকল্পে “জনতা মিলিয়নিয়ার ডিপোজিট স্কীম (জেএমডিএস)” শীর্ষক মাসিক আমানত স্কীম চালু করার অনুমোদন দেয়া হয়েছে।

বাংলাদেশ একটি জনবহুল উন্নয়নশীল দেশ। দেশের অধিকাংশ মানুষের স্বপ্ন থাকে নিজস্ব সঞ্চয় দ্বারা নিজের ভাগ্য উন্নয়ন করাসহ অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন করা। নিজস্ব তহবিল থেকে ক্ষুদ্র ও মাঝারি শিল্পে বিনিয়োগ এর মাধ্যমে একদিকে যেমন ব্যক্তি জীবনে আর্থিক সচ্ছলতা আসে তেমনি অঞ্চলভিত্তিক অর্থনৈতিক চিত্রেরও আমূল পরিবর্তন ঘটে। সার্বিকভাবে এসব ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় সঠিক আয়বর্ধক খাতে বিনিয়োগ করা হলে ব্যক্তির জীবনযাত্রার মানোন্নয়নের সাথে সাথে বিপুল বেকার জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়।

জনগণের এসব উপার্জিত আয় থেকে আমানত সংগ্রহ করার জন্য আলোচ্য স্কীমটি চালু করা হলে সর্বসাধারণ যেমন সঞ্চয় গড়ে তুলতে উৎসাহিত হবে তেমনি তাদের নিকট থেকে সংগৃহীত আমানত অত্র ব্যাংকের আমানত সমৃদ্ধ করবে যা দেশের উন্নয়ন কর্মকাণ্ডে বিনিয়োগ করার মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ত্বরান্বিত হবে। এ লক্ষ্যে জনতা ব্যাংক লিমিটেড কর্তৃক “জনতা মিলিয়নিয়ার ডিপোজিট স্কীম (জেএমডিএস)” নামে একটি মাসিক আমানত প্রকল্প চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

আলোচ্য প্রকল্পের আওতায় আঠার বছর বা তদুর্ধ্ব বয়স্ক সুস্থ মস্তিষ্ক সম্পন্ন যে কোন বাংলাদেশী নিজ নামে জনতা ব্যাংক লিমিটেড এর যেকোন শাখায় এ হিসাব খুলতে পারবেন।

এ হিসাবের বিশেষ সুবিধা:

- প্রয়োজনে অত্র ব্যাংকের এক শাখা হতে অন্য শাখায় বিনাখরচে হিসাব স্থানান্তর করা যাবে;
- ত্রৈমাসিক ভিত্তিতে বিনাখরচে হিসাব বিবরণী প্রদান;
- জমাকৃত টাকার বিপরীতে তাৎক্ষণিক বিশেষ ঋণ সুবিধা;
- মেয়াদান্তে নির্ধারিত হারে বোনাস সুবিধা;
- হিসাব পরিচালনা ফি (AMF), এসএমএস (SMS) চার্জ বাবদ কোন টাকা কর্তন করা হবে না।

১. স্কীমের/হিসাবের নাম: “জনতা মিলিয়নিয়ার ডিপোজিট স্কীম (জেএমডিএস)”।

২. হিসাবের মেয়াদকাল: ০৩ (তিন) বছর, ০৪ (চার) বছর, ০৫ (পাঁচ) বছর, ০৬ (ছয়) বছর, ০৭ (সাত) বছর, ০৮ (আট) বছর, ০৯ (নয়) বছর, ১০ (দশ) বছর, ১২ (বারো) বছর এবং ১৫ (পনেরো) বছর।

২.১ মেয়াদ, মাসিক কিস্তি, গ্রাহক কর্তৃক মোট জমা, ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফা, ব্যাংক কর্তৃক মেয়াদান্তে প্রদত্ত বোনাস এবং মেয়াদপূর্তিতে গ্রাহক হিসাবে সর্বমোট প্রদেয় টাকার পরিমাণ নিম্নরূপ:

সময় কাল	কিস্তি সংক্রান্ত তথ্য	টাকার পরিমাণ	
		TIN ধারী গ্রাহকের ক্ষেত্রে	TIN বিহীন গ্রাহকের ক্ষেত্রে
০৩ বছর	মাসিক কিস্তি	২৫,৩৭০.০০	২৫,৩৭০.০০
	গ্রাহক কর্তৃক মোট জমা	৯,১৩,৩২০.০০	৯,১৩,৩২০.০০
	ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফা	৮৭,০৫১.৭৩	৮৬,৯০৪.৭৯
	ব্যাংক কর্তৃক মেয়াদান্তে প্রদত্ত বোনাস	১,০০০.০০	১,০০০.০০
	মেয়াদপূর্তিতে বোনাসসহ মোট জমা	১০,০১,৩৭১.৭৩	১০,০১,২২৪.৭৯
	মেয়াদপূর্তিতে সকল কর্তনান্তে প্রদেয় টাকা	৯,৯১,৫১৬.৫৬	৯,৮৭,০৩৯.০৭
০৪ বছর	মাসিক কিস্তি	১৮,৪৭০.০০	১৮,৪৭০.০০
	গ্রাহক কর্তৃক মোট জমা	৮,৮৬,৫৬০.০০	৮,৮৬,৫৬০.০০
	ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফা	১,১৩,৮৫৬.৮৯	১,১৩,৫৫৪.৩১
	ব্যাংক কর্তৃক মেয়াদান্তে প্রদত্ত বোনাস	২,০০০.০০	২,০০০.০০
	মেয়াদপূর্তিতে বোনাসসহ মোট জমা	১০,০২,৪১৬.৮৯	১০,০২,১১৪.৩১
	মেয়াদপূর্তিতে সকল কর্তনান্তে প্রদেয় টাকা	৯,৮৯,৭৩১.২০	৯,৮৩,৭৮১.১৬
০৫ বছর	মাসিক কিস্তি	১৪,৩৫০.০০	১৪,৩৫০.০০
	গ্রাহক কর্তৃক মোট জমা	৮,৬১,০০০.০০	৮,৬১,০০০.০০
	ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফা	১,৪০,০৬৪.৬৮	১,৩৯,৫৫২.৩১
	ব্যাংক কর্তৃক মেয়াদান্তে প্রদত্ত বোনাস	৩,০০০.০০	৩,০০০.০০
	মেয়াদপূর্তিতে বোনাসসহ মোট জমা	১০,০৪,০৬৪.৬৮	১০,০৩,৫৫২.৩১
	মেয়াদপূর্তিতে সকল কর্তনান্তে প্রদেয় টাকা	৯,৮৮,২৫৮.২১	৯,৮০,৮১৯.৪৬

চলমান পাতা-০২



বিষয়: “জনতা মিলিয়নিয়ার ডিপোজিট স্কীম (জেএমডিএস)” চালুকরণ প্রসঙ্গে।

পূর্ববর্তী পৃষ্ঠার পর:

সময় কাল	কিস্তি সংক্রান্ত তথ্য	টাকার পরিমাণ	
		TIN ধারী গ্রাহকের ক্ষেত্রে	TIN বিহীন গ্রাহকের ক্ষেত্রে
০৬ বছর	মাসিক কিস্তি	১১,৬১০.০০	১১,৬১০.০০
	গ্রাহক কর্তৃক মোট জমা	৮,৩৫,৯২০.০০	৮,৩৫,৯২০.০০
	ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফা	১,৬৫,৬৯০.২৭	১,৬৪,৯১৪.৬০
	ব্যাংক কর্তৃক মেয়াদান্তে প্রদত্ত বোনাস	৪,০০০.০০	৪,০০০.০০
	মেয়াদপূর্তিতে বোনাসসহ মোট জমা	১০,০৫,৬১০.২৭	১০,০৪,৮৩৪.৬০
	মেয়াদপূর্তিতে সকল কর্তনান্তে প্রদেয় টাকা	৯,৮৭,০৯১.২৪	৯,৭৮,১৪৭.৪১
০৭ বছর	মাসিক কিস্তি	৯,৬৬০.০০	৯,৬৬০.০০
	গ্রাহক কর্তৃক মোট জমা	৮,১১,৪৪০.০০	৮,১১,৪৪০.০০
	ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফা	১,৯০,৬৫০.২২	১,৮৯,৫৫৮.৫৪
	ব্যাংক কর্তৃক মেয়াদান্তে প্রদত্ত বোনাস	৫,০০০.০০	৫,০০০.০০
	মেয়াদপূর্তিতে বোনাসসহ মোট জমা	১০,০৭,০৯০.২২	১০,০৫,৯৯৮.৫৪
	মেয়াদপূর্তিতে সকল কর্তনান্তে প্রদেয় টাকা	৯,৮৫,৫৭৫.২০	৯,৭৫,১১৪.৭৬
০৮ বছর	মাসিক কিস্তি	৮,২০০.০০	৮,২০০.০০
	গ্রাহক কর্তৃক মোট জমা	৭,৮৭,২০০.০০	৭,৮৭,২০০.০০
	ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফা	২,১৪,৯৯০.৯৯	২,১৩,৫৩১.৫০
	ব্যাংক কর্তৃক মেয়াদান্তে প্রদত্ত বোনাস	৬,০০০.০০	৬,০০০.০০
	মেয়াদপূর্তিতে বোনাসসহ মোট জমা	১০,০৮,১৯০.৯৯	১০,০৬,৭৩১.৫০
	মেয়াদপূর্তিতে সকল কর্তনান্তে প্রদেয় টাকা	৯,৮৪,০৯১.৮৯	৯,৭২,১০১.৭৮
০৯ বছর	মাসিক কিস্তি	৭,০৭০.০০	৭,০৭০.০০
	গ্রাহক কর্তৃক মোট জমা	৭,৬৩,৫৬০.০০	৭,৬৩,৫৬০.০০
	ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফা	২,৩৮,৮১৬.৭৮	২,৩৬,৯৩৭.২৬
	ব্যাংক কর্তৃক মেয়াদান্তে প্রদত্ত বোনাস	৭,০০০.০০	৭,০০০.০০
	মেয়াদপূর্তিতে বোনাসসহ মোট জমা	১০,০৯,৩৭৬.৭৮	১০,০৭,৪৯৭.২৬
	মেয়াদপূর্তিতে সকল কর্তনান্তে প্রদেয় টাকা	৯,৮২,৮৯৫.১০	৯,৬৯,৩৫৬.৬৭
১০ বছর	মাসিক কিস্তি	৬,১৮০.০০	৬,১৮০.০০
	গ্রাহক কর্তৃক মোট জমা	৭,৪১,৬০০.০০	৭,৪১,৬০০.০০
	ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফা	২,৬২,২৭২.২৩	২,৫৯,৯১৯.৬৮
	ব্যাংক কর্তৃক মেয়াদান্তে প্রদত্ত বোনাস	৮,০০০.০০	৮,০০০.০০
	মেয়াদপূর্তিতে বোনাসসহ মোট জমা	১০,১১,৮৭২.২৩	১০,০৯,৫১৯.৬৮
	মেয়াদপূর্তিতে সকল কর্তনান্তে প্রদেয় টাকা	৯,৮২,৫৪৫.০১	৯,৬৭,৪৩১.৭৩
১২ বছর	মাসিক কিস্তি	৪,৮৪০.০০	৪,৮৪০.০০
	গ্রাহক কর্তৃক মোট জমা	৬,৯৬,৯৬০.০০	৬,৯৬,৯৬০.০০
	ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফা	৩,০৬,৮৩৩.৫৭	৩,০৩,৩৯১.৪৪
	ব্যাংক কর্তৃক মেয়াদান্তে প্রদত্ত বোনাস	৯,০০০.০০	৯,০০০.০০
	মেয়াদপূর্তিতে বোনাসসহ মোট জমা	১০,১২,৭৯৩.৫৭	১০,০৯,৩৫১.৪৪
	মেয়াদপূর্তিতে সকল কর্তনান্তে প্রদেয় টাকা	৯,৭৮,৭১০.২১	৯,৬০,৪৪২.৭২
১৫ বছর	মাসিক কিস্তি	৩,৫৩০.০০	৩,৫৩০.০০
	গ্রাহক কর্তৃক মোট জমা	৬,৩৫,৪০০.০০	৬,৩৫,৪০০.০০
	ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফা	৩,৭০,১৬৬.৫৫	৩,৬৪,৭১৬.৭৫
	ব্যাংক কর্তৃক মেয়াদান্তে প্রদত্ত বোনাস	১০,০০০.০০	১০,০০০.০০
	মেয়াদপূর্তিতে বোনাসসহ মোট জমা	১০,১৫,৫৬৬.৫৫	১০,১০,১১৬.৭৫
	মেয়াদপূর্তিতে সকল কর্তনান্তে প্রদেয় টাকা	৯,৭৪,৪৯৯.৮৯	৯,৫১,৩৫৯.২৪

২.২ সরকার কর্তৃক প্রবর্তিত বর্তমান উৎসে কর, আবগারি শুল্ক এর ধাপ/হার বিবেচনায় উপরোক্ত হিসাবায়ন করা হয়েছে, ভবিষ্যতে আদায়যোগ্য সরকারি পাওনা (উৎসে কর, আবগারি শুল্ক ইত্যাদি) এর ধাপ/হার পরিবর্তন হলে পরিবর্তিত ধাপ/হার অনুযায়ী তা কর্তনপূর্বক গ্রাহককে অবশিষ্ট টাকা প্রদান করতে হবে।

৩. সুদের হার : ৬.০০% (চক্রবৃদ্ধি)।

৪. হিসাব খোলার যোগ্যতা: আঠার বছর বা তদুর্ধ্ব বয়স্ক সুস্থ মস্তিষ্ক সম্পন্ন বাংলাদেশী নাগরিক।

৫. হিসাব খোলার পদ্ধতি ও নিয়মাবলি :

৫.১. হিসাব খোলার জন্য প্রয়োজনীয় কাগজপত্র : প্রতি মাসের ১১ তারিখ হতে ২০ তারিখের মধ্যে জনতা ব্যাংক লিমিটেড এর যেকোন শাখায় নিম্নলিখিত নিয়মাচার পরিপালন সাপেক্ষে বর্ণিত স্কীমের আওতায় হিসাব খোলা যাবে।

ক) জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স এর ফটোকপি;

খ) হিসাবধারীর সদ্য তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি;

গ) নমিনির ১(এক) কপি ছবি (হিসাবধারী কর্তৃক সত্যায়িত);

ঘ) সকল দলিলের ফটোকপি অত্র ব্যাংকের সিনিয়র অফিসার ও তদুর্ধ্ব কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

৫.২. প্রাথমিক জমা: অনুচ্ছেদ ২.১ এ প্রদর্শিত নির্দিষ্ট মেয়াদ এর জন্য নির্ধারিত মাসিক কিস্তি অনুযায়ী।

৫.৩. হিসাব খোলার ফরমে বিশেষ করে হিসাবের মেয়াদ, মাসিক কিস্তি লেখার ক্ষেত্রে কোনরূপ কাটাকাটি, ঘষামাজা, উপরিলিখন, পরিবর্তন, পরিবর্ধন কিংবা পরিমার্জন কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না।

২৩ ৪



বিষয়: “জনতা মিলিয়নিয়ার ডিপোজিট স্কিম (জেএমডিএস)” চালুকরণ প্রসঙ্গে।

পূর্ববর্তী পৃষ্ঠার পর:

৫.৪. যুগ্ম নামে এ প্রকল্পের আওতায় হিসাব খোলা যাবে না। একই নামে একাধিক হিসাব খোলা যাবে না (অন্য শাখায় হলেও);
৫.৫. এ প্রকল্পের আওতায় খোলা হিসাব হতে হিসাব স্থানান্তর ফি, (এক শাখা হতে অন্য শাখায় হিসাব স্থানান্তর করা হলে), হিসাব পরিচালনা ফি (AMF), এসএমএস (SMS) চার্জ বাবদ কোন টাকা কর্তন করা হবে না;

৫.৬. অত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত নির্দিষ্ট মেয়াদের বিপরীতে নির্ধারিত মাসিক কিস্তির পরিমাণ ব্যতিত অন্য কোন পরিমাণ কিস্তি, কিংবা অন্য কোন মেয়াদে হিসাব খোলা হলে, হিসাব খোলার পর হিসাবের কিস্তি/মেয়াদ পরিবর্তন করা হলে বা পরবর্তীতে অন্য কোন পরিমাণ কিস্তি হিসাবে জমা দেওয়া হলে এবং বকেয়া কিস্তির ওপর আরোপিত জরিমানাসহ যথাযথভাবে কিস্তি জমা দেয়া না হলে হিসাবটি আপনাপনি (Automatically) বন্ধ হয়ে যাবে। এ জন্য হিসাব খোলার কর্মকর্তা, হিসাব পরিচালনাকারী কর্মকর্তা, শাখা ব্যবস্থাপক এবং হিসাবধারী সমভাবে দায়ী থাকবেন।

৬.০ নমিনি মনোনয়ন:

৬.১. হিসাবধারী তার হিসাবে নমিনি নিযুক্ত করবেন এবং যে কোন সময় লিখিত আবেদনের মাধ্যমে নমিনি পরিবর্তন করতে পারবেন;

৬.২. হিসাবধারীর মৃত্যুর দিন হতেই হিসাবের কার্যক্রম বন্ধ হয়ে যাবে এবং হিসাবধারী মৃত্যুর পরই নমিনি হিসাবের অর্থ প্রাপ্য হবেন। এ ক্ষেত্রে সাকসেশন সার্টিফিকেট গ্রহণের প্রয়োজন হবে না। নমিনির বিষয়ে নিশ্চিত হয়ে শাখা পর্যায়েই হিসাব নিষ্পত্তিযোগ্য হবে, তবে নমিনি নাবালক হলে, সেক্ষেত্রে যথাযথ আদালত কর্তৃক সিদ্ধান্ত/গৃহীত ব্যবস্থা চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

৬.৩. নমিনিকে হিসাবের স্থিতি পরিশোধের জন্য নিম্নোক্ত কাগজপত্রাদি উপস্থাপন করতে হবে:

(ক) নমিনি/আইনানুগ অভিভাবকের (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) আবেদনপত্র;

(খ) হিসাবধারীর মৃত্যু সংক্রান্ত সনদপত্র;

(গ) নমিনি/আইনানুগ অভিভাবকের (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

(ঘ) নমিনি/আইনানুগ অভিভাবকের (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স (যদি থাকে) এর সত্যায়িত ফটোকপি;

(ঙ) নমিনি অথবা আইনানুগ অভিভাবক (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) কর্তৃক ব্যাংকের অনুকূলে সম্পাদিত ইনডেমনিটি বন্ড;

(চ) নমিনির পরিচয় যাচাইয়ের জন্য ছবি ও স্বাক্ষর সত্যায়নপূর্বক স্থানীয় চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র।

৭.০০ মাসিক কিস্তি জমাদান পদ্ধতি:

৭.১. এ প্রকল্পের আওতায় খোলা হিসাবের বিপরীতে হিসাবধারীদেরকে প্রতি মাসের ১১ তারিখ থেকে ২০ তারিখের মধ্যে হিসাব খোলার ফরমে উল্লিখিত কিস্তি অনুযায়ী সংশ্লিষ্ট মাসের কিস্তি জমা প্রদান করতে হবে। কোন মাসে কিস্তি জমা প্রদানের সর্বশেষ তারিখ সরকারি/সাপ্তাহিক ছুটির দিন হলে পরবর্তী প্রথম কার্যদিবসে স্বাভাবিক নিয়মে মাসিক কিস্তির অর্থ জমা করা যাবে;

৭.২. মাসিক কিস্তির টাকা নগদে জমা করতে হবে। তবে হিসাবধারী ইচ্ছা করলে হিসাবের মাসিক কিস্তি অনলাইন/জেবি রেমিট্যান্স এর মাধ্যমে জমা করতে পারবেন। অনলাইন/জেবি রেমিট্যান্স এমন সময়ে প্রেরণ করতে হবে যাতে কিস্তি জমার জন্য নির্ধারিত তারিখের মধ্যে উক্ত টাকা সংশ্লিষ্ট হিসাবে জমা হয়। অন্যথায় হিসাবধারী ঐ মাসের কিস্তি খেলাপী হিসেবে বিবেচিত হবেন;

৭.৩. হিসাবধারীর নামে একই শাখায় অন্য কোন সঞ্চয়ী/চলতি হিসাব থাকলে সে হিসাব হতে উক্ত প্রকল্পের আওতায় খোলা হিসাবে মাসিক কিস্তি স্থানান্তরের ব্যাপারে হিসাবধারী শাখাকে লিখিতভাবে স্থায়ী নির্দেশ প্রদান করতে পারবেন। তবে এক্ষেত্রে হিসাবধারীকে সংশ্লিষ্ট সঞ্চয়ী বা চলতি হিসাবে পর্যাপ্ত স্থিতি সংরক্ষণ করতে হবে এবং স্থায়ী নির্দেশনার অধীনে প্রতিটি লেনদেনের জন্য অত্র ব্যাংক কর্তৃক ঘোষিত সমসাময়িক ফি ও প্রযোজ্যহারে ভ্যাটসহ স্থানান্তর ফি প্রদান করতে হবে। পর্যাপ্ত স্থিতি না থাকার কারণে কিস্তি খেলাপী হলে ব্যাংক কর্তৃপক্ষ দায়ী থাকবে না;

৭.৪. এ প্রকল্পের আওতায় অগ্রিম কিস্তি জমা দেওয়া যাবে। তবে জমাকৃত অগ্রিম কিস্তির ওপর সুদ প্রদান করা হবে না। যে কিস্তি যে মাস হতে প্রাপ্য/প্রযোজ্য সে মাস হতে সুদ প্রদান করা হবে।

৮.০০ বোনাস সুবিধা: গ্রাহক স্কিম চলাকালীন সময়ে তার হিসাবের সকল কিস্তি নির্ধারিত সময়ের মধ্যে যথানিয়মে জমা করলে ২.১ নং অনুচ্ছেদে বর্ণিত বোনাস সুবিধা প্রাপ্য হবেন। অগ্রিম কিস্তি জমা দেওয়ার ক্ষেত্রেও বোনাস সুবিধা প্রযোজ্য হবে।

৯.০০ প্রতিশন সংরক্ষণ ও সুদ প্রদান পদ্ধতি: বার্ষিক ৬.০০% চক্রবৃদ্ধিহারে বাৎসরিক ভিত্তিতে সুদ প্রদান করতে হবে। প্রত্যেক শাখায় মাসিক ভিত্তিতে যথাযথভাবে প্রদেয় সুদের প্রতিশন (Provision) সংরক্ষণ করতে হবে। এ বিষয়ে কোন ব্যত্যয় ঘটলে শাখা প্রধান ও সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী দায়ী থাকবেন।

১০.০০ মেয়াদ উত্তীর্ণের আগে হিসাব বন্ধ করা হলে অথবা হিসাবধারীর মৃত্যু হলে:

হিসাবধারী ইচ্ছা করলে যে কোন সময় সংশ্লিষ্ট শাখা প্রধানের বরাবরে লিখিত আবেদন করে হিসাব বন্ধ করতে পারবেন। লিখিত আবেদনের মাধ্যমে হিসাব বন্ধ করা হলে অথবা মেয়াদ উত্তীর্ণের আগে হিসাবধারীর মৃত্যু হলে নিম্নোক্ত নিয়মাবলি পরিপালনযোগ্য হবে:

১০.১. ০১ (এক) বছর উত্তীর্ণ হওয়ার আগে হিসাব বন্ধ করা হলে অথবা হিসাবধারীর মৃত্যু হলে নিয়মানুযায়ী সরকারি কর ও অন্যান্য পাওনা কর্তনের পর অবশিষ্ট টাকা হিসাবধারীকে/নমিনিকে ফেরৎ দেওয়া হবে। এ ক্ষেত্রে কোন প্রকার সুদ প্রদান করা হবে না;

১০.২. ০১ (এক) বছরের বেশি কিন্তু ০৩ (তিন) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে অথবা হিসাবধারীর মৃত্যু হলে নিয়মানুযায়ী সরকারি কর ও অন্যান্য পাওনা কর্তনের পর মাসিক প্রোভাইডেন্ট এর ভিত্তিতে গ্রাহক প্রদত্ত জমা টাকার ওপর ৩% হারে সরল সুদ প্রদানপূর্বক হিসাবধারীকে/নমিনিকে অর্থ ফেরৎ দেওয়া হবে;

৫৬৪



বিষয়: “জনতা মিলিয়নিয়ার ডিপোজিট স্কীম (জেএমডিএস)” চালুকরণ প্রসঙ্গে।

পূর্ববর্তী পৃষ্ঠার পর:

১০.৩. ০৩ (তিন) বছরের বেশি কিন্তু ০৫ (পাঁচ) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে বা হিসাবধারীর মৃত্যু হলে নিয়মানুযায়ী সরকারি কর ও অন্যান্য পাওনা কর্তনের পর মাসিক প্রোডাক্ট এর ভিত্তিতে গ্রাহক প্রদত্ত জমা টাকার ওপর ৪% হারে সরল সুদ প্রদানপূর্বক হিসাবধারীকে/নমিনিকে অর্থ ফেরৎ দেওয়া হবে;

১০.৪. ০৫ (পাঁচ) বছরের বেশি কিন্তু ১০ (দশ) বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে বা হিসাবধারীর মৃত্যু হলে সরকারি কর ও অন্যান্য পাওনা কর্তনের পর মাসিক প্রোডাক্ট এর ভিত্তিতে গ্রাহক প্রদত্ত জমা টাকার ওপর ৫% হারে সরল সুদ প্রদানপূর্বক হিসাবধারীকে/নমিনিকে অর্থ ফেরৎ দেওয়া হবে;

১০.৫. ১০ (দশ) বছরের বেশি সময় অতিক্রান্ত হওয়ার পর হিসাব বন্ধ করা হলে বা হিসাবধারীর মৃত্যু হলে নিয়মানুযায়ী সরকারি কর ও অন্যান্য পাওনা কর্তনের পর মাসিক প্রোডাক্ট এর ভিত্তিতে গ্রাহক প্রদত্ত জমা টাকার ওপর ৬% হারে সরল সুদ প্রদানপূর্বক হিসাবধারীকে/নমিনিকে অর্থ ফেরৎ দেওয়া হবে;

১০.৬. বাংলাদেশ ব্যাংকের বিধি-নিষেধ থাকার কারণে হিসাব বন্ধের বিপরীতে কোনরূপ সার্ভিস চার্জ আদায় করা যাবে না।

১০.৭. মেয়াদ উত্তীর্ণের পূর্বে হিসাব বন্ধ করার ক্ষেত্রে আবশ্যিকভাবে সকল কর্তন, সুদারোপসহ হিসাবায়ন প্রক্রিয়ার সঠিকতা পুনঃপরীক্ষাপূর্বক গ্রাহকের পাওনা টাকা পরিশোধ করতে হবে।

১১. হিসাব বন্ধ হওয়া ও পুনঃচালুকরণ :

১১.১. মাসিক কিস্তি নির্ধারিত তারিখের মধ্যে জমা প্রদানে ব্যর্থ হলে পরবর্তী মাসের নির্ধারিত তারিখের মধ্যে চলতি মাসসহ প্রতি একশত টাকায় মাসিক ২ (দুই) টাকা হারে জরিমানা আদায়পূর্বক বকেয়া কিস্তি জমা করা যাবে, তবে একাধারে ৩ (তিন) মাসের অধিক বকেয়া কিস্তি জমা করা যাবে না। অর্থাৎ ৪র্থ মাসের কিস্তির সাথে জরিমানাসহ বকেয়া ৩ (তিন) মাসের কিস্তি জমা দেওয়া যাবে। হিসাব পরিচালনাকালীন সময়ে হিসাবধারী এ সুবিধা ৩ (তিন) বারের অধিক প্রাপ্য হবেন না।

বকেয়া কিস্তির ওপর জরিমানা আদায়ের পদ্ধতি : ১০ বছর মেয়াদে মিলিয়নিয়ার হওয়ার ক্ষেত্রে নির্ধারিত কিস্তি ৬,১৮০/- (ছয় হাজার একশত আশি) টাকার মাসিক কিস্তি পর পর ৩ (তিন) মাস যদি খেলাপী হয় তবে পেনাল ইন্টারেস্ট আদায়ের হিসাব নিম্নরূপ :

একটি খেলাপী কিস্তির জন্য কিস্তির অতিরিক্ত পেনাল ইন্টারেস্ট	১২৪ টাকা
দুইটি খেলাপী কিস্তির জন্য কিস্তির অতিরিক্ত পেনাল ইন্টারেস্ট	৩৭২ টাকা
তিনটি খেলাপী কিস্তির জন্য কিস্তির অতিরিক্ত পেনাল ইন্টারেস্ট	৭৪৪ টাকা

উদাহরণ: ধরা যাক, ১০ বছর মেয়াদে মাসিক ৬১৮০ টাকার বিপরীতে খোলা মিলিয়নিয়ার স্কীমটির তিনটি কিস্তি অর্থাৎ জানুয়ারি, ফেব্রুয়ারি ও মার্চ মাসে খেলাপী হয়েছে, যা এপ্রিল মাসের কিস্তির সাথে পেনাল ইন্টারেস্টসহ জমা দেওয়া হবে। এক্ষেত্রে:

মাসের নাম	পেনাল ইন্টারেস্ট	মাসিক কিস্তি	মোট টাকা
জানুয়ারি	১২৪+১২৪+১২৪ = ৩৭২ টাকা	৬,১৮০ টাকা	৬,৫৫২ টাকা
ফেব্রুয়ারি	১২৪+১২৪ = ২৪৮ টাকা	৬,১৮০ টাকা	৬,৪২৮ টাকা
মার্চ	১২৪ = ১২৪ টাকা	৬,১৮০ টাকা	৬,৩০৪ টাকা
এপ্রিল	০ টাকা	৬,১৮০ টাকা	৬,১৮০ টাকা
		সর্বমোট	২৫,৪৬৪ টাকা

১১.২. হিসাবের কিস্তি সঠিকভাবে জমাকরণে শাখা কর্তৃক নিবিড়ভাবে তদারকি করতে হবে এবং কোন মাসের কিস্তি খেলাপী হলে তা একটি আলাদা রেজিস্টারে লিপিবদ্ধ করে সংশ্লিষ্ট গ্রাহককে লিখিতভাবে জানাতে হবে। তবে উল্লেখ্য যে, হিসাবের মেয়াদপূর্তিতে বা তার আগে যদি দেখা যায় ভুলক্রমে কোন কিস্তি (সর্বোচ্চ ১ টি) জমা প্রদান করা হয়নি সে ক্ষেত্রে মেয়াদপূর্তির সময় বা তার আগে বকেয়া কিস্তির ওপর মাসিক ২% হারে (সরল) জরিমানাসহ বকেয়া কিস্তি আদায়যোগ্য হবে; এ সুবিধা ১(এক) বারের বেশি প্রাপ্য হবে না। তবে অনুচ্ছেদ ১১.১ এর উল্লিখিত সুবিধা গ্রহণ করেন নাই এমন গ্রাহকগণের ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবে।

উদাহরণ: ধরা যাক, গ্রাহক “ক” ১০ বছর মেয়াদে মাসিক ৬১৮০ টাকার বিপরীতে একটি মিলিয়নিয়ার স্কীম জানুয়ারী/২০২১ এ খুললেন। হিসাব চলার ২য় বছর এ মে/২০২২ এর মাসিক কিস্তি গ্রাহক ভুলক্রমে জমা দিলেন না এবং হিসাবের অন্যান্য সকল কিস্তি যথাযথভাবে জমা হ’ল। এক্ষেত্রে, বকেয়া কিস্তি থেকে মেয়াদপূর্তি/মেয়াদপূর্তির মধ্যে পরবর্তী জমার সময় পর্যন্ত মাসিক ২% হারে (সরল) জরিমানাসহ বকেয়া কিস্তি জমা করে ১১.২ নং অনুচ্ছেদ অনুযায়ী গ্রাহক মেয়াদপূর্তির সময় পূর্ণ সুবিধা পাবেন। এক্ষেত্রে হিসাব নিম্নরূপ:

গ্রাহক নিবিড়ভাবে (কোন প্রকার খেলাপী ব্যতিত) হিসাব পরিচালনা করেছেন	১২+০৪=১৬ মাস
খেলাপী তথা অনিয়মিত হয়েছেন	১৭ তম মাসে (মে/২০২২ এ)
খেলাপী মাস হতে মেয়াদপূর্তি পর্যন্ত সময়	১০৪ মাস
আদায়যোগ্য জরিমানা (৬১৮০*২%=১২৪)	১০৪*১২৪=১২,৮৯৬/-

১১.৩. হিসাব চলাকালীন বিভিন্ন সময়ে গ্রাহকের একাধিক কিস্তি বকেয়া থাকলে ১১.২ নং অনুচ্ছেদ অনুযায়ী ২% সরল সুদ প্রদানপূর্বক মেয়াদপূর্তিতে পূর্ণ সুবিধা প্রাপ্য হবেন না। এক্ষেত্রে, হিসাব খোলার তারিখ হতে ১ম কিস্তি খেলাপীর পূর্ব মাস পর্যন্ত শুধুমাত্র গ্রাহক প্রদত্ত জমা টাকার ওপর ১০ নং অনুচ্ছেদে বর্ণিত ধাপ অনুযায়ী সরল সুদ প্রদানসহ গ্রাহকের অবশিষ্ট মূল টাকা প্রদান করতে হবে।

উদাহরণ: ধরা যাক, গ্রাহক “ক” ১০ বছর মেয়াদে একটি মিলিয়নিয়ার স্কীম জানুয়ারী/২০২১ এ খুললেন। হিসাব চলার ৬ষ্ঠ বছর আগস্ট/২৬ এবং হিসাব চলার ৮ম বছর জুলাই/২৮ এর মাসিক কিস্তি গ্রাহক জমা দিলেন না এবং হিসাবের অন্যান্য সকল কিস্তি যথাযথভাবে জমা হ’ল।

এক্ষেত্রে ১১.৩ নং অনুচ্ছেদ অনুযায়ী গ্রাহককে প্রদেয় হিসাব:

গ্রাহক কোন প্রকার খেলাপী ব্যতিত হিসাব পরিচালনা করেছেন	৬৭ মাস
১ম খেলাপী হয়েছেন	৬৮ তম মাসে (আগস্ট/২৬)
জমাকৃত মোট কিস্তি	১১৮ টি
এক্ষেত্রে, গ্রাহককে প্রদানযোগ্য টাকা	৬৭ তম কিস্তি পর্যন্ত শুধুমাত্র গ্রাহক প্রদত্ত জমা টাকার ওপর ৫% হারে সরল সুদ (১০.৪ নং অনুচ্ছেদ অনুযায়ী) প্রদানসহ অবশিষ্ট ৫১টি কিস্তির মূল জমা গ্রাহককে প্রদান করতে হবে।

৫৬ ৪ - ১



বিষয়: “জনতা মিলিয়নিয়ার ডিপোজিট স্কিম (জেএমডিএস)” চালুকরণ প্রসঙ্গে।

পূর্ববর্তী পৃষ্ঠার পর:

১১.৪. একাধারে ৪(চার) মাস কিস্তি জমা প্রদান বন্ধ থাকলে হিসাবটি আপনাআপনি (Automatically) বন্ধ হয়ে যাবে এবং গ্রাহককে পত্র মারফৎ বিষয়টি তাত্ক্ষণিক অবহিত করতে হবে। কোন অবস্থাতেই এইরূপ হিসাব Continue করা যাবে না।

১২.০০ হিসাব খোলা ও পরিচালনার নিয়মাবলি:

১২.১. আলোচ্য (জেএমডিএস) সঞ্চয় প্রকল্পের হিসাব খোলার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্দেশিত ব্যক্তিক ও অ-ব্যক্তিক (এফ.ডি.আর ও বিশেষ স্কিম) হিসাব খোলার ফরম ব্যবহৃত হবে; অথবা বাংলাদেশ ব্যাংক বা অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত এ সংক্রান্ত সমসাময়িক বিধিমালা/সার্কুলার অনুসৃত হবে।

১২.২. জেনারেল লেজারে “জনতা মিলিয়নিয়ার ডিপোজিট স্কিম (জেএমডিএস)” নামে একটি এবং তৎসংশ্লিষ্ট “জনতা মিলিয়নিয়ার ডিপোজিট স্কিম (জেএমডিএস) সুদ হিসাব” নামে অপর একটি হিসাব খুলতে হবে (সংশ্লিষ্ট বিষয়টি হিসাব বিভাগ, ICTD-Operation, ICTD-System কর্তৃক সম্পন্ন করতে হবে);

১২.৩. অন্যান্য সুদবাহী সঞ্চয়ী হিসাবের ন্যায় এই সঞ্চয়ী স্কিমের ক্ষেত্রেও মাসিক ভিত্তিতে প্রভিশন করে শাখার সুদ হিসাব ডেবিটপূর্বক “জনতা মিলিয়নিয়ার ডিপোজিট স্কিম (জেএমডিএস)” সুদ হিসাবে ক্রেডিট করতে হবে;

১২.৪. মেয়াদপূর্তির আগে হিসাব বন্ধের ক্ষেত্রে হিসাবের অতিরিক্ত সুদ বিবিধ আয় খাতে জমা করতে হবে;

১২.৫. মাসিক ভিত্তিতে হিসাবের ব্যালেন্স করতে হবে;

১২.৬. অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক দ্রুততম সময়ের মধ্যে উক্ত সঞ্চয়ী স্কিমের জমা স্লিপ/অভিন্ন জমা স্লিপ বই ডিজাইন ও প্রিন্টিং এর ব্যবস্থা গ্রহণপূর্বক শাখাসমূহে সরবরাহের ব্যবস্থা করতে হবে। উক্ত কার্যদি সম্পাদনের মধ্যবর্তী সময়ে অন্য স্কিমের জমার রশিদে “জনতা মিলিয়নিয়ার ডিপোজিট স্কিম (জেএমডিএস)” নাম লিখে টাকা জমা গ্রহণ করা যেতে পারে।

১৩.০০ হিসাবের বিপরীতে ঋণ সুবিধা প্রদান :

হিসাবধারী ইচ্ছা করলে নিজ হিসাবের স্থিতি লিয়েন পূর্বক নিম্নবর্ণিত শর্তে ঋণ গ্রহণ করতে পারবেন:

১	সংশ্লিষ্ট হিসাবের মেয়াদকাল ও নিজস্ব জমার পরিমাণ	হিসাবের মেয়াদকাল কমপক্ষে ৬(ছয়) মাস পূর্ণ হতে হবে এবং গ্রাহকের নিজস্ব জমা সর্বনিম্ন ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা হতে হবে।
২	ঋণের প্রকৃতি	লোন জেনারেল/সিকিওরড ওভার ড্রাফট (এসওডি)।
৩	ঋণসীমা	হিসাবে নিজস্ব জমার সর্বোচ্চ ৮০%।
৪	ঋণের সময়কাল	লোন জেনারেল ২(দুই) বছর, সিকিওরড ওভার ড্রাফট (এসওডি) ১২ (বার) মাস। তবে সংশ্লিষ্ট হিসাবের মেয়াদপূর্তির পর লোন জেনারেল/ওভার ড্রাফটের মেয়াদ কোনক্রমেই নির্ধারণ করা যাবে না। অর্থাৎ সংশ্লিষ্ট হিসাবের মেয়াদপূর্তির সাথে সামঞ্জস্য রেখে ঋণ হিসাবের মেয়াদ নির্ধারণ করতে হবে।
৫	মঞ্জুরী ক্ষমতা	অত্র ব্যাংকের ঋণ মঞ্জুরী ক্ষমতাবিধি অনুযায়ী।
৬	সুদের হার	সংশ্লিষ্ট হিসাবের সুদহার+৩%, এছাড়া ব্যাংক কর্তৃক জারীকৃত এ সংক্রান্ত সমসাময়িক সার্কুলার অনুসরণযোগ্য।
৭	পরিশোধ পদ্ধতি : লোন জেনারেল এর ক্ষেত্রে	লোন জেনারেলের ক্ষেত্রে নির্ধারিত কিস্তির ভিত্তিতে আদায়যোগ্য। তবে বাংলাদেশ ব্যাংক বা অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত সমসাময়িক ঋণ শ্রেণীকরণ (CL) এর নিয়মানুযায়ী ঋণের কিস্তি ওভারডিউ হলে বর্ণিত হিসাবটি বন্ধ করে লোন হিসাবটি সমন্বয় করতে হবে।
৮	পরিশোধ পদ্ধতি : ওভার ড্রাফট এর ক্ষেত্রে	ওভার ড্রাফট এর ক্ষেত্রে ওভার ড্রাফট এর নিয়মাবলি প্রযোজ্য হবে। তবে এ ধরনের ওভার ড্রাফট শ্রেণীকৃত হতে পারবে না। এরূপ সম্ভাবনা দেখা দিলে বর্ণিত হিসাবটি বন্ধ করে ওভার ড্রাফট হিসাবটি সমন্বয় করতে হবে।
৯	দলিল পত্রাদি	লোন জেনারেল/ওভার ড্রাফট এর ক্ষেত্রে প্রযোজ্য দলিল পত্রাদি।
১০	স্বীকৃতি	সকল শর্ত উল্লেখপূর্বক ঋণ বিতরণের পূর্বে ঋণ গ্রহীতার লিখিত স্বীকৃতি গ্রহণ করতে হবে।
১১	ঋণ প্রাপ্তির যোগ্যতা	কেবলমাত্র চালু এবং হালনাগাদ নিয়মিত কিস্তি পরিশোধিত হিসাবের ক্ষেত্রে এ ধরনের ঋণ (লোন জেনারেল/সিকিওরড ওভার ড্রাফট-এসওডি) মঞ্জুর করা যাবে।

১৪.০০ বিশেষ নির্দেশাবলি :

১৪.১. এ হিসাবের বিপরীতে কোন চেকবই প্রদান করা হবে না;

১৪.২. হিসাবধারীর মৃত্যু হলে হিসাবটি আপনাআপনি বন্ধ বলে গণ্য হবে;

১৪.৩. হিসাবের কিস্তির পরিমাণ ও মেয়াদ কোনভাবেই পরিবর্তন করা যাবে না;

১৪.৪. উৎসে করসহ অন্যান্য আদায়যোগ্য সরকারি পাওনা বিধি মোতাবেক কর্তনযোগ্য;

১৪.৬. সরকারি আদেশ/নির্দেশের প্রেক্ষিতে কর/অন্যান্য পাওনা আদায়যোগ্য হবে;

১৪.৭. হিসাব খোলা ও পরিচালনার নিয়মাবলি/নীতিমালা (“পরিশিষ্ট-ক” মোতাবেক) সরবরাহ করতে হবে যা হিসাবধারী পাঠ করে সম্মতি প্রদানপূর্বক স্বাক্ষর করবেন। উল্লেখ্য হিসাবধারী কর্তৃক স্বাক্ষরিত কপি শাখায় Account Opening Application Form এর সাথে সংরক্ষণ করতে হবে এবং এক কপি হিসাবধারীকে প্রদান করতে হবে;

১৪.৮. মেয়াদপূর্তিতে সকল কিস্তি যথানিয়মে জমা হয়েছে মর্মে নিশ্চিত হতে হবে। সকল কিস্তি জমা নিশ্চিত হওয়ার পর সরকারি কর্তনসহ অন্যান্য কর্তন, সুদ প্রদান পুনঃ নিশ্চিত হয়ে নির্ধারিত পরিমাণ অর্থ প্রদেয় হবে।

১৪.৯. হিসাব খোলার ফরম এ গ্রাহকের পরিবারের ২-৩ জন সদস্য/আপনজনের স্থায়ী/বর্তমান পূর্ণ ঠিকানা, যোগাযোগের জন্য মোবাইল নম্বর নিশ্চিত হয়ে সংরক্ষণ করতে হবে।

১৪.১০. গ্রাহক একটি কিস্তি জমা না দিতে পারলে পরবর্তী মাসের শুরুতেই তাকে বিষয়টি আবশ্যিকভাবে অবহিত করতে হবে।

১৪.১১. বাংলাদেশ সরকার কর্তৃক বর্তমান উৎসেকর, আবগারি শুল্কসহ অন্যান্য আদায়যোগ্য সরকারি পাওনা এর ধাপ/হার পরিবর্তন হলে পরিবর্তিত ধাপ/হার অনুযায়ী তা আদায়যোগ্য হবে।

১৪.১২. আলোচ্য স্কিম এর সার্কুলারের প্রাসঙ্গিক সকল বিষয়ে বাংলাদেশ সরকার, বাংলাদেশ ব্যাংক এবং অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত সমসাময়িক সার্কুলার/বিধিমালা/প্রণীত নীতিমালা অনুসৃত হবে।

১৫.০০ হিসাবের প্রতিবেদন প্রেরণ :

“জনতা মিলিয়নিয়ার ডিপোজিট স্কিম (জেএমডিএস)”এর আওতায় খোলা হিসাবের সংখ্যা এবং টাকার পরিমাণ উল্লেখপূর্বক নিম্নের ছক অনুযায়ী একটি প্রতিবেদন প্রস্তুত করে শাখাসমূহ উক্ত প্রতিবেদন পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী এরিয়া অফিসে প্রেরণ করবে। এরিয়া অফিসসমূহ তাদের আওতাধীন শাখাসমূহ হতে প্রাপ্ত বিবরণী একীভূত করে ও কর্পোরেট-১ শাখাসমূহ ১৫ তারিখের মধ্যে বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবে।

০৫/৪/১৭



বিষয়: “জনতা মিলিয়নিয়ার ডিপোজিট স্কিম (জেএমডিএস)” চালুকরণ প্রসঙ্গে।

পূর্ববর্তী পৃষ্ঠার পর:

বিভাগীয় কার্যালয়সমূহ, লোকাল অফিস ও জনতা ভবন কর্পোরেট শাখা প্রতি মাসের ২০ তারিখের মধ্যে উক্ত বিবরণী প্রধান কার্যালয়ের বিজনেস ডেভেলপমেন্ট মার্কেটিং ডিপার্টমেন্টে (বিডিএমডি) প্রেরণ করবে।

ছক

জনতা ব্যাংক লিমিটেড

বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিস/কর্পোরেট-১ শাখা.....

বিষয়: -----/২০২১ মাসে “জনতা মিলিয়নিয়ার ডিপোজিট স্কিম (জেএমডিএস)” এর আওতায় খোলা হিসাবের বিবরণী।

ক্র.ন. (০১)	মেয়াদ (০২)	পূর্ববর্তী মাস পর্যন্ত খোলা (০৩)		চলতি মাসে খোলা (০৪)		শুরু হতে চলতি মাস পর্যন্ত খোলা {০৫(০৩+০৪)}		বন্ধকৃত হিসাব ০৬		*সর্বমোট হিসাব {০৭(০৫-০৬)}	
		হিসাবের সংখ্যা	টাকার পরিমাণ	হিসাবের সংখ্যা	টাকার পরিমাণ	মোট হিসাবের সংখ্যা	মোট টাকার পরিমাণ	হিসাবের সংখ্যা	টাকার পরিমাণ	হিসাবের সংখ্যা	টাকার পরিমাণ
১.	৩ বছর										
২.	৪ বছর										
৩.	৫ বছর										
৪.	৬ বছর										
৫.	৭ বছর										
৬.	৮ বছর										
৭.	৯ বছর										
৮.	১০ বছর										
৯.	১২ বছর										
১০.	১৫ বছর										
মোট											

*সর্বমোট হিসাব সংখ্যা ও টাকার পরিমাণ Statement of Affairs এর সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

শাখাসমূহ এ স্কিমের আওতায় বিশেষ সুবিধাদি উল্লেখ করে হিসাব খোলার জন্য সর্বসাধারণকে উদ্বুদ্ধকরণে শাখার দৃশ্যমান স্থানে প্রচারণামূলক পোস্টার স্থাপন করবে এবং স্বল্প সময়ে সর্বোচ্চ সংখ্যক হিসাব খোলার লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবে।

আমানত সংগ্রহ কার্যক্রম গতিশীল ও সুসংহত করার পাশাপাশি দেশের আর্থ-সামাজিক উন্নয়নকে ত্বরান্বিত করতে দেশের চলমান অর্থনৈতিক কর্মকাণ্ডকে বেগবান করার প্রয়াসে এবং ব্যাংকের আমানত অবকাঠামোকে শক্ত ভিত্তির উপর দাড় করানোর লক্ষ্যে “জনতা মিলিয়নিয়ার ডিপোজিট স্কিম (জেএমডিএস)” শীর্ষক প্রকল্পের আওতায় হিসাব খোলার কার্যক্রম অনতিবিলম্বে শুরু হবে এবং কর্তৃপক্ষ কর্তৃক পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত চালু থাকবে।

এমতাবস্থায় উপরোক্ত নীতিমালা মোতাবেক বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হ'ল।

আপনাদের বিশ্বস্ত,

মোঃ মফিজুল ইসলাম
উপ-মহাব্যবস্থাপক

কৃষ্ণ

দেলওয়ারা বেগম
মহাব্যবস্থাপক



বিষয়: “জনতা মিলিয়নিয়ার ডিপোজিট স্কীম (জেএমডিএস)” হিসাব পরিচালনা সংক্রান্ত হিসাবধারীকে জ্ঞাতব্য নিয়মাবলি।

১.০ হিসাব খোলা :

১.১. একই নামে একাধিক হিসাব খোলা যাবে না (অন্য শাখায় হলেও), যুগ্ম নামে এবং প্রতিষ্ঠানের নামে এ প্রকল্পের আওতায় হিসাব খোলা যাবে না;

১.২. এ হিসাবের বিপরীতে কোন চেকবই প্রদান করা হবে না।

২.০ মাসিক কিস্তি জমাদান পদ্ধতি :

২.১. অত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত নির্দিষ্ট মেয়াদের জন্য নির্ধারিত মাসিক কিস্তির পরিমাণ ব্যতীত অন্য কোন পরিমাণ কিস্তিতে হিসাব খোলা হলে বা পরবর্তীতে অন্য কোন পরিমাণ কিস্তি হিসাবে জমা দেওয়া হলে বা বকেয়া কিস্তির যথাযথ জরিমানাসহ কিস্তি জমা না হলে হিসাবটি আপনাপনি বন্ধ হয়ে যাবে এবং কিস্তি বহির্ভূত জমা টাকার ওপর কোন সুদ প্রদান করা হবে না;

২.২. এ প্রকল্পের আওতায় খোলা হিসাবের বিপরীতে হিসাবধারী প্রতি মাসের ১১ তারিখ থেকে ২০ তারিখের মধ্যে হিসাব খোলার ফরমে উল্লিখিত কিস্তি অনুযায়ী সংশ্লিষ্ট মাসের কিস্তি জমা প্রদান করতে হবে। কোন মাসে কিস্তি জমা প্রদানের সর্বশেষ তারিখ সরকারি/সাপ্তাহিক ছুটির দিন হলে পরবর্তী প্রথম কার্যদিবসে স্বাভাবিক নিয়মে মাসিক কিস্তির অর্থ জমা করা যাবে;

২.৩. মাসিক কিস্তির টাকা নগদে জমা করতে হবে। তবে হিসাবধারী ইচ্ছা করলে অনলাইন ব্যাংকিং/জেবি রেমিট্যান্স/এমটি/টিটি এর মাধ্যমে কিস্তি জমা করতে পারবেন। অনলাইন ব্যাংকিং/জেবি রেমিট্যান্স/এমটি/টিটি এমন সময়ে প্রেরণ করতে হবে যাতে কিস্তি জমার জন্য নির্ধারিত তারিখের মধ্যে উক্ত টাকা হিসাবে জমা হয়। অন্যথায় হিসাবধারী ঐ মাসের কিস্তি খেলাপী হিসেবে বিবেচিত হবেন;

২.৪. হিসাবধারীর নামে একই শাখায় অন্য কোন সঞ্চয়ী/চলতি হিসাব থাকলে সে হিসাব হতে উক্ত প্রকল্পের আওতায় খোলা হিসাবে মাসিক কিস্তি স্থানান্তরের ব্যাপারে হিসাবধারী শাখাকে লিখিতভাবে স্থায়ী নির্দেশ প্রদান করতে পারবেন। তবে এক্ষেত্রে হিসাবধারীকে সংশ্লিষ্ট সঞ্চয়ী বা চলতি হিসাবে পর্যাপ্ত স্থিতি সংরক্ষণ করতে হবে এবং স্থায়ী নির্দেশনার অধীনে প্রতিটি লেনদেনের জন্য অত্র ব্যাংক কর্তৃক ঘোষিত সমসাময়িক ফি ও প্রযোজ্যহারে ভ্যাটসহ স্থানান্তর ফি প্রদান করতে হবে। পর্যাপ্ত স্থিতি না থাকার কারণে কিস্তি খেলাপী হলে ব্যাংক কর্তৃপক্ষ দায়ী থাকবে না;

২.৫. এ প্রকল্পের আওতায় অগ্রিম কিস্তি জমা দেওয়া যাবে। তবে জমাকৃত অগ্রিম কিস্তির ওপর সুদ প্রদান করা হবে না। যে কিস্তি যে মাস হতে প্রাপ্য/প্রযোজ্য সে মাস হতে সুদ প্রদান করা হবে।

৩.০ হিসাব বন্ধ হওয়া ও পুনঃচালুকরণ:

৩.১. মাসিক কিস্তি নির্ধারিত তারিখের মধ্যে জমা প্রদানে ব্যর্থ হলে পরবর্তী মাসের নির্ধারিত তারিখের মধ্যে চলতি মাসসহ প্রতি একশত টাকায় মাসিক ২ (দুই) টাকা হারে জরিমানাসহ বকেয়া কিস্তি জমা করা যাবে, তবে একাধারে ৩ (তিন) মাসের অধিক বকেয়া কিস্তি জমা করা যাবে না। অর্থাৎ ৪র্থ মাসের কিস্তির সাথে জরিমানাসহ বকেয়া ৩ (তিন) মাসের কিস্তি জমা দেওয়া যাবে। হিসাব পরিচালনাকালীন সময়ে হিসাবধারী এ সুবিধা ৩ (তিন) বারের অধিক প্রাপ্য হবেন না।

৩.২. একাধারে ০৪ (চার) মাস কিস্তি প্রদান বন্ধ থাকলে হিসাবটি আপনাপনি (Automatically) বন্ধ হয়ে যাবে এবং এরূপ বন্ধকৃত হিসাবের অর্থ সংশ্লিষ্ট সার্কুলারের ১০.০০ নং অনুচ্ছেদ অনুযায়ী প্রদেয় হবে।

৩.৩. হিসাবের কিস্তি সঠিকভাবে জমা করতে হবে। হিসাবের মেয়াদপূর্তিতে বা তার আগে যদি দেখা যায় ভুলক্রমে কোন কিস্তি (সর্বোচ্চ ১ টি) জমা প্রদান করা হয়নি সে ক্ষেত্রে মেয়াদপূর্তির সময় বা তার আগে বকেয়া কিস্তির ওপর মাসিক ২% হারে (সরল) জরিমানাসহ বকেয়া কিস্তি আদায়যোগ্য হবে; এ সুবিধা গ্রাহক ১(এক) বারের বেশি প্রাপ্য হবেন না। তবে সংশ্লিষ্ট সার্কুলারের অনুচ্ছেদ ১১.১ এর উল্লিখিত সুবিধা গ্রহণ করণে নাই এমন গ্রাহকগণের ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবে।

৩.৪. হিসাব চলাকালীন বিভিন্ন সময়ে গ্রাহকের একাধিক কিস্তি বকেয়া থাকলে সংশ্লিষ্ট সার্কুলারের ১১.২ নং অনুচ্ছেদ অনুযায়ী ২% সরল সুদ প্রদানপূর্বক মেয়াদপূর্তিতে পূর্ণ সুবিধা প্রাপ্য হবেন না। এক্ষেত্রে, হিসাব খোলার তারিখ হতে কিস্তি খেলাপীর পূর্বমাস পর্যন্ত শুধুমাত্র গ্রাহক প্রদত্ত জমা টাকার ওপর সংশ্লিষ্ট সার্কুলারের ১০ নং অনুচ্ছেদে বর্ণিত ধাপ অনুযায়ী সরল সুদ প্রদানসহ গ্রাহকের অবশিষ্ট মূল টাকা প্রদান করতে হবে।

৪.০ নমিনি মনোনয়ন:

৪.১. হিসাবধারী তার হিসাবে নমিনি নিযুক্ত করবেন এবং যে কোন সময় লিখিত আবেদনের মাধ্যমে নমিনি পরিবর্তন করতে পারবেন অথবা নমিনির মৃত্যু হলে হিসাবধারী তার নমিনি পরিবর্তন করতে পারবেন।

৪.২. হিসাবধারী মৃত্যুর পরই নমিনি প্রয়োজনীয় দলিল/কাগজপত্র উপস্থাপন সাপেক্ষে হিসাবের অর্থ প্রাপ্য হবেন।

৫.০ বোনাস সুবিধা: গ্রাহক স্কীম চলাকালীন সময়ে তার হিসাবের সকল কিস্তি নির্ধারিত সময়ের মধ্যে যথানিয়মে জমা করলে ২.১ নং অনুচ্ছেদে বর্ণিত বোনাস সুবিধা প্রাপ্য হবেন। অগ্রিম কিস্তি জমা দেওয়ার ক্ষেত্রেও বোনাস সুবিধা প্রযোজ্য হবে।

৬.০ মেয়াদ উত্তীর্ণের আগে হিসাব বন্ধ করা হলে বা হিসাবধারীর মৃত্যু হলে :

৬.১. হিসাবধারী ইচ্ছা করলে যে কোন সময় সংশ্লিষ্ট শাখা প্রধানের বরাবরে লিখিত আবেদন করে হিসাব বন্ধ করতে পারবেন। লিখিত আবেদনের মাধ্যমে হিসাব বন্ধ করা হলে বা মেয়াদ উত্তীর্ণের আগে হিসাবধারীর মৃত্যু হলে অত্র নির্দেশ বিজ্ঞপ্তির ১০.০০ নং অনুচ্ছেদে বর্ণিত নিয়মানুযায়ী গ্রাহক তার পাওনা প্রাপ্ত হবেন।

৭.০ বিশেষ শর্তাদি:

৭.১. সরকার কর্তৃক প্রবর্তিত বর্তমান উৎসে কর, আবগারি শুল্ক এর ধাপ/হার বিবেচনায় “জনতা মিলিয়নিয়ার ডিপোজিট স্কীম (জেএমডিএস)”এর হিসাবায়ন করা হয়েছে। তবে ভবিষ্যতে আদায়যোগ্য সরকারি পাওনা (উৎসে কর, আবগারি শুল্ক ইত্যাদি) এর ধাপ/হার পরিবর্তন হলে কিংবা নতুন কোন পাওনা প্রবর্তিত হলে সমসাময়িক ধাপ/হার অনুযায়ী তা কর্তনপূর্বক গ্রাহককে প্রদান করতে হবে।

* “জনতা মিলিয়নিয়ার ডিপোজিট স্কীম (জেএমডিএস)” সংক্রান্ত নির্দেশ বিজ্ঞপ্তি নং-১০৯/১৯ তারিখ:০৯/১২/১৯এ বর্ণিত সকল শর্তাধীনে আমি নিম্নস্বাক্ষরকারী অত্র শাখায় হিসাব খুললাম।

হিসাবধারীর নাম:

স্বাক্ষর ও তারিখ :

“জনতা মিলিয়নিয়ার ডিপোজিট স্কীম (জেএমডিএস)” হিসাব নং:

শাখার নাম :

(হিসাবধারী কর্তৃক স্বাক্ষরিত কপি শাখায় Account Opening Application Form এর সাথে সংরক্ষণ করতে হবে এবং এক কপি হিসাবধারীকে প্রদান করতে হবে)।

০৬ ৪ ২ ০